

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

আসন্ন পবিত্র ঈদুল আজহায় কোরবানির চামড়া যথাযথভাবে সংরক্ষণ ও ক্রয়-বিক্রয় সংক্রান্ত বিষয়ে তদারকির লক্ষ্যে আয়োজিত বিশেষ সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব বাবলু কুমার সাহা
মহাপরিচালক (অতিরিক্তসচিব)
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

তারিখ : ২৮ জুলাই ২০২০ খ্রি.

সকাল ১০:০০ টা

স্থান : অধিদপ্তরের সভা কক্ষ (জুম এপ্লিকেশন ব্যবহারের মাধ্যমে)

সভার শুরুতেই কোভিড-১৯ মহামারীর সময় ও পবিত্র রজমানে অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণ ঝুঁকি নিয়ে তাঁদের উপর দায়িত্ব যথাযথভাবে ও নিষ্ঠার সাথে পালন করায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভায় আসন্ন পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে জাতীয় সম্পদ কাঁচা চামড়ার গুণগতমান বজায় রেখে যথাযথভাবে সংরক্ষণ, ক্রয়-বিক্রয়, জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রচার-প্রচারণা ও অন্যান্য আনুষংগিক বিষয়ে বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	কোরবানির চামড়া যথাযথভাবে সংগ্রহ ও সংরক্ষণে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয় থেকে প্রাপ্ত লিফলেট বিতরণের বিষয়ে আলোচনা করা হয়।	(ক) কোরবানির চামড়া যথাযথভাবে সংগ্রহ ও সংরক্ষণে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত লিফলেট সকল বিভাগ ও জেলা কার্যালয়ে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে যা যথাযথভাবে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) প্রচার-প্রচারণার লক্ষ্যে প্রেরণকৃত লিফলেটটি দাপ্তরিক এবং সামাজিক যোগাযোগের মাধ্যমেও প্রচার করতে হবে। এছাড়া নিয়মিত বাজার অভিযান পরিচালনাকালে হ্যান্ড-মাইকের মাধ্যমেও প্রচারের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। (গ) কোরবানির চামড়া যথাযথভাবে সংগ্রহ ও সংরক্ষণের জন্য ক্রেতা এবং বিক্রেতা পর্যায়ে সচেতনতা সৃষ্টি করতে হবে। (ঘ) মসজিদের ইমাম সাহেবদের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধ ও সচেতন করা যেতে পারে। (ঙ) প্রচারণা এবং যথাযথভাবে চামড়া ব্যবস্থাপনা নিশ্চিতকরণের স্বার্থে সিটি কর্পোরেশন, পৌরসভা ও সভার আলোচনা অনুযায়ী যে কোন সংস্থার সাথে যোগাযোগ স্থাপন করা যেতে পারে।	প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা।
০২	কাঁচা চামড়ার গুণগতমান বজায় রাখার বিষয়ে আলোচনা করা হয়।	(ক) কাঁচা চামড়ার গুণগতমান বজায় রাখার লক্ষ্যে জবাইয়ের পর চামড়া যথাযথভাবে পৃথককরণ বিশেষ করে কোরবানির ৫-৬ ঘণ্টার মধ্যে পর্যাপ্ত পরিমাণে লবন (৬-৮ কেজি) চামড়ায় লাগানো, চামড়া যথাস্থানে সংরক্ষণের	প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা।

ক্রমিক নং	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		<p>বিষয়ে জনগণকে উদ্বুদ্ধ ও সচেতন করতে হবে।</p> <p>(খ) বিশেষ পরিস্থিতিতে উদ্বুদ্ধ কাঁচা চামড়া অস্থায়ী ভিত্তিতে সংরক্ষণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্টদেরকে উদ্বুদ্ধ ও সচেতন করতে হবে।</p> <p>(গ) বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন ও প্রত্যন্ত অঞ্চলে লবনের সরবরাহ ও মূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে তদারকি জোরদার করতে হবে।</p>	
০৩	সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে কোরবানির চামড়া ক্রয়-বিক্রয় নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা করা হয়।	<p>(ক) সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে কোরবানির চামড়া ক্রয়-বিক্রয় নিশ্চিতকরণের লক্ষ্যে তদারকি কার্যক্রম জোরদার করতে হবে।</p> <p>(খ) ঢাকার পোস্তা এবং বিভাগীয় ও জেলাগুলোতে চামড়া ক্রয়ের আড়ৎ/স্থানে চামড়া ক্রয়ের পরিস্থিতি তদারকি করতে হবে।</p> <p>(গ) ঈদের দিন বিকেল থেকে তদারকি কার্যক্রম জোরদার করতে হবে। এছাড়াও ঈদের পরদিন শুধুমাত্র চামড়ার বিষয়গুলো তদারকি করা এবং অন্যান্য দিন বাজার তদারকির পাশাপাশি চামড়ার বিষয়ে তদারকি করতে হবে।</p>	প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা।
০৪	বিবিধ	<p>(ক) বিভাগীয়/জেলা/উপজেলা প্রশাসনের সাথে যোগাযোগ রক্ষা করে দায়িত্ব পালন করতে হবে।</p> <p>(খ) এ সংক্রান্ত উদ্ভূত সমস্যা সমাধানে স্থানীয় প্রশাসনের সহযোগিতা গ্রহণ এবং সার্বিক পরিস্থিতি সম্পর্কে বাণিজ্য মন্ত্রণালয় ও অধিদপ্তরের কন্ট্রোল সেলকে অবহিত করতে হবে।</p> <p>(গ) সার্বিক কার্যক্রম সম্পাদনপূর্বক ৫ আগস্ট ২০২০ তারিখের মধ্যে একটি বিস্তারিত প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>(ঘ) পবিত্র ঈদুল আজহার ছুটির দিনে কর্মস্থলে অবস্থান নিশ্চিত করতে হবে।</p> <p>(ঙ) বাণিজ্য মন্ত্রণালয় থেকে প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়ন নিশ্চিতকরণে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক হয়ে দায়িত্ব পালন করতে হবে।</p>	প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা।

০২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় জুম এপ্লিকেশন ব্যবহারের মাধ্যমে যুক্ত সকলকে পবিত্র ঈদুল আজহার অগ্রিম শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(বাবলু কুমার সাহা)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৮১৮৯৪২৬


ইমেইল: dg@dnrcrp.gov.bd

স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১০৮.৯৯.০৪৩.২০. (৫৬৭)

তারিখ: ২৮ জুলাই ২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(কার্যক্রম ও গবেষণাগার), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপপরিচালক (সকল), প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
- ৪। সহকারী পরিচালক (সকল), প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
- ৫। অফিস কপি।


26/07/2020
(বাবলু কুমার সাহা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
A